

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিজয় একাত্তর হলে ছাত্র নির্যাতনের ঘটনায় প্রতিবাদ জানিয়েছে সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা। একই সঙ্গে এ ঘটনায় জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবিও জানানো হয়। ছাত্র ফ্রন্ট ঢাবি শাখার সভাপতি রাজীব কান্তি রায় ও সাধারণ সম্পাদক সুহাইল আহমেদ শুভ স্বাক্ষরিত এক যৌথ সংবাদ বিবৃতিতে এ দাবি জানানো হয়।

বিবৃতিতে বলা হয়, গত ১৫ মে রাতে বিজয় একাত্তর হলের গেস্টরুমে দ্বিতীয় বর্ষের এক শিক্ষার্থীকে নির্যাতনের অভিযোগ উঠে ছাত্রলীগের নেতাকর্মীদের বিরুদ্ধে। সরকারি দলের ছাত্রসংগঠনের কর্মসূচিতে অংশ না নেওয়ার অভিযোগে তাকে এ নির্যাতনের শিকার হতে হয়।

আবাসিক হলগুলোতে এ ধরনের ঘটনা নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে উঠেছে। এ চিত্র বিশ্ববিদ্যালয়ের জন্য লজ্জাজনক। আবাসন সমস্যাকে কাজে লাগিয়ে শিক্ষার্থীদের জোরপূর্বক দলীয় কর্মসূচিতে অংশগ্রহণ করানোর সংস্কৃতি বিশ্ববিদ্যালয় চরিত্রের সঙ্গে সাংঘর্ষিক। এ ধরনের কর্মকাণ্ড শিক্ষার্থীদের স্বাধীন সত্তার বিকাশ ও মুক্তবুদ্ধিচর্চার পথকে রুদ্ধ করে দিচ্ছে বলে বিবৃতিতে দাবি করা হয়।

অনতিবিলম্বে এ ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনকে আহ্বান জানায় ছাত্র ফ্রন্ট।